তারিখ ... 26 APR 2018 ...
পৃষ্ঠা ...১৬... কলাম ...৪... ......

সংবাদ

সংলাপে বক্তারা

# শিক্ষা ব্যবস্থার অগ্রগতি হচ্ছে কিন্তু মান নেই

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের শিক্ষা ব্যবস্থা অগ্রগতি হচ্ছে কিন্তু মান পাওয়া যাচ্ছে না। শিক্ষার এই গুণগত মান নিয়ে পুরো জাতি আজ শঙ্কিত। দেশের শিক্ষার গুণগত মান ভালো নয়। দিন দিন কমে যাচ্ছে শিক্ষার মান। এর মূল কারণ শিক্ষা খাতে কম বিনিয়োগ, কম খরচ ও কম ফল। তাই আমাদের শিক্ষা ব্যবস্থার মান বাড়াতে হলে পরিমাণভিত্তিক পরিকল্পনা গ্রহণের পাশাপাশি ছাত্র-শিক্ষকের কোয়ালিটি বৃদ্ধির ব্যবস্থা করতে হবে। এজন্য শিক্ষা বাজেট বৃদ্ধির প্রতি সরকারকে জোর দেয়ার আহ্বান জানিয়েছেন বিশিষ্টজন।

গতকাল রাজধানীর গুলশানের একটি হোটেলে 'বাংলাদেশের শিক্ষা বাজেট' শীর্ষক এক সংলাপে বক্তারা এই আহ্বান জানান। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) ও গণসাক্ষরতা অভিযান ক্যাম্পেইন যৌথভাবে এই সংলাপের আয়োজন করেন। ক্যাম্পেইনের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরীর পরিচালনায় সংলাপে বক্তব্য রাখেন জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ফজলে রাব্বী মিয়া, শিক্ষামন্ত্রী মো. নুরুল ইসলাম নাহিদ, অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এমএ মান্নান, সংসদ সদস্য ড. আব্দুর রাজ্জাক, পরিকল্পনা কমিশনের সদস্য অধ্যাপক শামসুল আলম, সিপিডির নির্বাহী পরিচালক মুস্তাফিজুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এমএম আকাশ ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মাঞ্জুর আহমেদ প্রমুখ। সংলাপে শিক্ষা বাজেটের উপরে প্রেজেন্টেশন করেন সিপিডির রিচার্স ফেলো তৌফিকুল ইসলাম খান।

সংলাপে ফজলে রাব্বী মিয়া বলেন, শিক্ষার মান বৃদ্ধির জন্য সরকার কাজ করে যাচ্ছে। তবে ক্ষেত্রে ছাত্রের পাশাপাশি শিক্ষকের মান বৃদ্ধি করতে হবে। এজন্য দরকার অর্থ। শিক্ষা

শিক্ষা : পৃষ্ঠা : ২ ক : ৭

### শিক্ষা : ব্যবস্থার

(১৬ পৃষ্ঠার পর)

খাতে মান উন্নয়নের জন্য সরকার দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিয়েছে। দেখা যায় দেশের অনেক শিক্ষা প্রতিষ্ঠান আছে এখনও এমপিওভুক্ত হয়নি। এসব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্ররা ভালো রেজাল্ট করছে। কিন্তু সেই অনুযায়ী শিক্ষকরা ভাতা পাচ্ছে না। তাই শিক্ষার মান উন্নায়নের পাশাপাশি শিক্ষকের মান উন্নয়ন করতে হবে। এছাড়া সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরি শিক্ষার প্রতি গুরুত্ব দেয়াও আহ্বান জানান তিনি।